

বর্তমান

কলকাতা, বুধবার ৬ এপ্রিল ২০১৬, ২৩ চৈত্র ১৪২২

BARTAMAN, Kolkata- 6th April, 2016

সেরা ম্যানেজমেন্ট স্কুলের তালিকায় গোয়েক্ষা গ্রুপ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: সেরা ম্যানেজমেন্ট স্কুলের তালিকায় ঠাই করে নিল আরপি-সঞ্জীব গোয়েঙ্কা গ্রুপের দু'টি ইনস্টিটিউট। সম্প্রতি কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক দেশের সেরা ম্যানেজমেন্ট শিক্ষা সংক্রান্ত প্রতিষ্ঠানগুলির গুণগত মানের উপর ভিত্তি করে একটি তালিকা তৈরি করে। ন্যাশনাল ইনস্টিটিউশনাল র‌্যাংকিং ফ্রেমওয়ার্ক নামে সেই রিপোর্টে দেখা গিয়েছে, বেসরকারি প্রতিষ্ঠানগুলির সেরা ১৫টির তালিকায় জায়গা নিয়েছে ওই সংস্থার দু'টি প্রতিষ্ঠান। সপ্তম স্থানে রয়েছে দিল্লির ইস্টারন্যাশনাল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এবং ১২তম স্থানে আছে কলকাতার ইস্টারন্যাশনাল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। প্রসঙ্গত, আইআইএম কলকাতা সেরা ম্যানেজমেন্ট স্কুলগুলির নিরিখে দেশের মধ্যে তৃতীয় স্থানে আছে।